



সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৩/০৪

তারিখ: ০৪/০১/২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: **Free of Cost (FOC)** ভিত্তিতে ০৬ মাসের প্রয়োজনীয় কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী আমদানি প্রসঙ্গে।

সূত্র: (ক) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.১৮/১১, তারিখ: ০৪/০১/২০২৩।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ৩(১)শুক্র:রগুনিওবন্ড/২০০১/৭০২(৮), তারিখ: ১৩/১২/২০০৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,


আসসালামু আলাইকুম।

আপনারা সকলে অবগত আছেন যে, গত ২০/০৪/২০২২ইং তারিখে প্রকাশিত আমদানি নীতি ২০২১-২০২৪-এ Free of Cost (FOC) ভিত্তিতে ০৪ মাসের পরিবর্তে ০৬ মাসের প্রয়োজনীয় কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী আমদানির সুযোগ প্রদান করা হয়। কিন্তু জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'খ' স্মারকে ০৪ মাসের উল্লেখ্য থাকার ফলে FOC ভিত্তিতে ০৬ মাসের প্রয়োজনীয় কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী খালাসে জটিলতা পরিলক্ষিত হয়।

বিষয়টি সুরাহার জন্য আমরা জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করি এবং বিজিএমইএ'র প্রতিনিধি সভায় মিলিত হয়। বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' স্মারক জারীর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বের নির্দেশনা সংশোধন করা হয়। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সংশোধিত নির্দেশনাটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংশোধিত নির্দেশনা জারীর ফলশ্রুতিতে FOC ভিত্তিতে ০৬ মাসের প্রয়োজনীয় কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি এবং মোড়ক সামগ্রী আমদানি ও খালাসে আর কোন জটিলতা থাকবে না।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.১৮/১৯

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি:।

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড এর আদেশ নথি নং-৩(১) শুল্কঃরপ্তানি ও বন্ড/২০০১/৭০২(৮), তারিখঃ ১৩/১২/২০০৩ খ্রিঃ এর সংশোধন প্রসংগে।

- সূত্র : ১। বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-২৬.০০.০০০০.১১১.৫৩.০১৯.২২.৫৩০, তারিখ: ০৩/১১/২০২২ খ্রিষ্টাব্দ।
২। বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাজ/২০২২/৮৯২৬, তারিখ: ১৪/১১/২০২২ খ্রিষ্টাব্দ।
৩। জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.১৮/৫৫৮, তারিখঃ ০৭/১২/২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর সাথে সমন্বয় সাধনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের ১৩/১২/২০০৩ খ্রিঃ তারিখের জারিকৃত আদেশ নং- ৩(১) শুল্কঃরপ্তানি ও বন্ড/২০০১/৭০২(৮), তারিখঃ ১৩/১২/২০০৩ খ্রিঃ এর বিষয় এবং অনুচ্ছেদ ১ (ক) এ উল্লিখিত “০৪ (চার) মাসের” শব্দগুলো ও সংখ্যাগুলোর পরিবর্তে “০৬ (ছয়) মাসের” শব্দগুলো ও সংখ্যাগুলো প্রতিস্থাপন করা হলো।

শ্রী

নাজমুন নাহার

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৫৫
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

- ১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনার, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
৪-৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০০৩.১৮/১৯ (৩)

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি:।

অনুলিপি:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭এ, ব্লক # এইচ -১, সেক্টর # উত্তরা, ঢাকা-১২৩০।
৪। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫-৬। অফিস কপি/গার্ড কপি।

শ্রী

নাজমুন নাহার

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৫৫
ই-মেইল-ssbondnbr@gmail.com